



জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
ওয়েব সাইট: www.brur.ac.bd

Public Relations, Information & Publication
Division
Begum Rokeya University, Rangpur
Email: office.publicrelations@brur.ac.bd



স্মারক: বেরোবি/জতপ্রবি/২০২১/ ডিসেম্বর /৯৬৬

তারিখ: ১৫/১২/২০২১

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর ১ম বর্ষে ভর্তির আবেদনের সময়সীমা বৃদ্ধি

গুচ্ছ পদ্ধতিতে অনুষ্ঠিত ২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান), বিএসসি ইঞ্জিনিয়ারিং এবং বিবিএ প্রোগ্রামে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে ১ম বর্ষে ভর্তির আবেদন প্রক্রিয়ার সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। আগামী ২৬ ডিসেম্বর ২০২১ দিবাগত রাত ১২টা পর্যন্ত ভর্তির আবেদন করা যাবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ হাসিবুর রশীদের সভাপতিত্বে আজ বুধবার বিকেলে প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

কেবলমাত্র GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত ২০টি বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশ নেয়া শিক্ষার্থীরাই ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে। এর আগে প্রথম দফায় গত ৩০ নভেম্বর ২০২১ হতে ১৫ ডিসেম্বর রাত ১২টা পর্যন্ত প্রথম বর্ষে ভর্তির জন্য আবেদন আহ্বান করা হয়।

উল্লেখ্য, আবেদন প্রক্রিয়াসহ ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে (www.brur.ac.bd) পাওয়া যাবে। সংবাদ বিজ্ঞপ্তি।

স্বাঃ/

মোহাম্মদ আলী
সহকারী পরিচালক (জনসংযোগ)
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।